# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

Any Information for SSC Reg.Log on www.rajshahieducationboard.gov.bd

**নিবন্ধন সংক্রান্ত**

## জরুরী বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ২৪৬/বিনি-৬(৪র্থ খন্ড) তারিখ : ১৭/১২/২০২৫ইং

বিষয় ঃ ২০২৪-২০২৫ শিক্ষা বর্ষ এবং ২০২৬ সালের পরীক্ষার্থীদের নিবন্ধন কার্ড মুদ্রণ, সংশোধন ও ৯ম শ্রেণীতে বাদ পড়া শিক্ষার্থীদের নিবন্ধন করন প্রসঙ্গে।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষাক/অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষা বর্ষ এবং ২০২৬ সালের পরীক্ষার্থীদের নিবন্ধন কার্ড নমুনা মোতাবেক স্ব স্ব প্রতিষ্ঠান থেকে মুদ্রণ করত শিক্ষার্থীদের সরবরাহ এবং ২০২৬ সালের পরীক্ষার্থীদের নিবন্ধন কার্ড সংশোধন ও নবম শ্রেণীতে নিবন্ধন বাদপড়া শিক্ষার্থীদের নিম্নলিখিত ছকে উল্লেখিত নির্ধারিত ফি সোনালী সেবায় প্রদান পূর্বক অনলাইনে সংশোধন ও নিবন্ধন করার জন্য অনুরোধ করা হলো।

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>তারিখ থেকে</th><th>তারিখ পর্যন্ত</th><th>ফি</th><td rowspan="6">নিবন্ধন কার্ডে বিষয় কোড সংশোধন, বিভাগ পরিবর্তন ও বাদপড়া নিবন্ধন নির্ধারিত তারিখে এবং নির্ধারিত ফি সোনালী সেবায় প্রদান পূর্বক অনলাইনে বিষয় কোড সংশোধন, বিভাগ পরিবর্তন ও বাদপড়া আবেদনসহ নিবন্ধন করা যাবে।</td></tr>
<tr><td>০১.</td><td>নিবন্ধন কার্ডে বিষয় কোড ভুল সংশোধন ও বিভাগ পরিবর্তন</td><td>১৭/১২/২০২৫</td><td>০৫/০১/২০২৬</td><td>২৫০/-</td></tr>
<tr><td>০২.</td><td>নিবন্ধন কার্ডে বিষয় কোড ভুল সংশোধন ও বিভাগ পরিবর্তন</td><td>০৬/০১/২০২৬</td><td>পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত</td><td>৩০০/-</td></tr>
<tr><td>০৩.</td><td>বাদপড়া নিবন্ধন</td><td>০৬/০১/২০২৬</td><td>পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত</td><td>বিজ্ঞপ্তি অনুযায়ী</td></tr>
<tr><td>০৪.</td><td>ছবি ও বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ছবি সংশোধন/পরিবর্তন</td><td>১৭/১২/২০২৫</td><td>পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত</td><td>২৫০/-</td></tr>
<tr><td>০৫.</td><td>নিবন্ধন কার্ডে বিষয় কোড ভুল সংশোধন</td><td colspan="2">পরীক্ষা চলাকালীণ সময়ে</td><td>৫০০/-</td></tr>
</table>

**<u>নির্দেশনাবলী ঃ</u>**

১. **ছবি ও বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ছবি সংশোধন/পরিবর্তন করতে হলে, সরাসরি উক্ত শিক্ষার্থীর ছবি ও রেজিষ্ট্রেশন কার্ডের কপিসহ সোনালী সেবার মাধ্যমে নির্দিষ্ট ফি প্রদান পূর্বক ছবি, নিবন্ধন কার্ডের ফটোকপি, সোনালী সেবার কপিসহ বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদনসহ নিবন্ধন শাখায় জমা দিতে হবে।**

২. কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ড স্থগিত থাকলে উক্ত শিক্ষার্থীর জেএসসি'র মুল সনদ ও বিদ্যালয়ের হার্ড কপিসহ আবেদন করতে হবে। তবে পূর্বে কোন প্রতিষ্ঠানে নিবন্ধন হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

৩. নিজ/পিতা/মাতা'র জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে নাম ও বয়স সংশোধন কমিটির পত্র মূলে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের নিবন্ধন কার্ড সংশোধন করা যাবে।

৪. শিক্ষা বোর্ডের অধিভুক্ত প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন কাজে নির্ধারিত তারিখে তাঁদেও কাজ সম্পাদন করতে হবে অন্যথায় জমা এবং গ্রহণে বিলম্ব হলে প্রতিদিন বিলম্বের জন্য প্রতিষ্ঠানকে ১০০/- (একশত) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

স্বা:-
(মোঃ শামীম হাসান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজাশাহী
ফোন : ০২৫৮-৮৮৫৫৭৬৯

স্মারক নম্বর ঃ ২৪৬/বিনি-৬(৪র্থ খন্ড) তারিখ ঃ ১৭/১২/২০২৫ইং

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :</u>

১. সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হিঃ ও নিঃ)।
২. সিনিয়ন সিষ্টেম এনালিষ্ট (চ: দা:), অত্র বোর্ড।
৩. হিসাব রক্ষণ অফিসার, অত্র বোর্ড।
৪. পি.এস.টু চেয়ারম্যান, অত্র বোর্ড।
৫. চিঠিপত্র গ্রহণ শাখা/হিসাব আয় শাখা
৬. মাধ্যমিক পরীক্ষা শাখা।

(মোঃ শামীম হাসান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজাশাহী
ফোন : ০২৫৮-৮৮৫৫৭৬৯

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www. rajshahieducationboard.gov.bd

## রেজিস্ট্রেশন কার্ড (Online) প্রিন্ট ও সংশোধনের জন্য বিশেষ নির্দেশিকাঃ

রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট ও সংশোধন করার জন্য প্রথেমে Google chorme Browser থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর ওয়েবসাইট (**www.rajshahieducationboard.gov.bd**)-এ প্রবেশ করে নিম্নরূপে কাজ করুন।

১। **শিক্ষা প্রতিষ্ঠানের করনীয়ঃ** শিক্ষা বোর্ডের ওয়েব পেজের ডান দিকে অভ্যন্তরীন সেবাসমূহ হতে **"প্রতিষ্ঠান লগইন"** ক্লিক করুন। অতপর প্রতিষ্ঠানের EIIN ও প্রথম password ব্যবহার করুন। **sign in** হলে রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট ও সংশোধন করা যাবে অথবা সেবা বক্স থেকে "নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্র" এর ঘরে **"রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট প্রতিষ্ঠানের জন্য"** এ ক্লিক করুন অতপর প্রতিষ্ঠানের EIIN ও প্রথম password ব্যবহার করে **sign in** করুন। এর পর Registration card এ ক্লিক করলে নিম্নরূপে ২টি মেনু দেখাবেঃ

- **Registration card** (For single student)
- **Registration card print** (For all student)

উল্লেখিত মেনু হতে Registration card print এ ক্লিক করুন। এর পর Exam name, Exam Year select করে Submit করে Ok করুন। Registration card Download মেনুতে শিক্ষার্থীর তথ্য পর্যায়ক্রমে ১০০ করে ডাউনলোডের পদ্ধতি দেখাবে।

**শিক্ষার্থীর জন্যঃ** "নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্র" সেবা বক্সে ঘরে **"রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট শিক্ষার্থীর জন্য"** এর উপর ক্লিক করুন। এর পর Exam name, Exam Year ও রেজিস্ট্রেশন নম্বর লিখে Find ক্লিক করুন, এখানে শিক্ষার্থী রেজিস্ট্রেশন কার্ড দেখতে পাবে এবং প্রিন্ট করতে পারবে। এই প্রিন্ট কপি কখনো কোথাও ব্যবহার করতে পারবে না, তবে সংশোধনের জন্য আবেদন করে থাকলে তা আপডেট হয়েছে কিনা তা যাচাই করতে পারবে।

২. **রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট কাগজঃ** রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট করার জন্য A4 অথবা Letter Size অপ হোয়াইট/ক্রীম রং কাগজ ব্যবহার করতে হবে। প্রতিষ্ঠান সকল রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট করার পর শিক্ষার্থীদের স্বাক্ষর ও প্রতিষ্ঠানের (২ ইঞ্চি ব্যাস) এর গোল সীলসহ প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর সম্পন্ন করে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করুন। উল্লেখ্য, এই সরবরাহকৃত কার্ডের রেজিস্ট্রেশন নম্বর জেএসসি/৮ম/নবম/এসএসসি/একাদশ/এইচএসসি শ্রেণিতে বলবৎ থাকবে।

৩. **সংশোধন (ক)** প্রতিষ্ঠান-এ শিক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে শিক্ষার্থীর নিজ নাম/ পিতার নাম/ মাতার নাম/ ধর্ম/ জেন্ডার/ ভার্সন/ শাখা/ শিফট/ শ্রেণী রোল/ বিষয়/ বয়স/ জন্ম নিবন্ধন নম্বর/ ডিজাবিলিটি ইত্যাদি জন্ম নিবন্ধন অনুযায়ী বয়স সংশোধন করা যাবে। এক বা একাধিক শিক্ষার্থীর তথ্য সংশোধন করে এক সঙ্গে টাকা জমার স্লিপ তৈরী করতে পারবে। **রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের ক্ষেত্রে প্রিন্টের ন্যায় একই নিয়মে প্রবেশ করুন।** অতপর **Correction Probable list** এ ক্লিক করে Exam name, Exam Year select করে Submit করে Ok করুন। এর পর শিক্ষার্থীর Probable list দেখতে পাবে। এখান থেকে যে সকল শিক্ষার্থীর তথ্য সংশোধন করতে চান তার ডান পাশে Yes select করুন। এইভাবে একাধিক শিক্ষার্থীকে Yes select করা যাবে। এর পর এডিট করার জন্য Correction list এ ক্লিক করুন। এখান থেকে Choose one Type মেনু থেকে Probable list এ ক্লিক করে শিক্ষার্থীর তালিকা দেখাবে এবং প্রয়োজনীয় সংশোধন পূর্বক Submit এ ক্লিক করলে Temporary list-এ চলে যাবে। ভুলবশত কোন শিক্ষার্থী Yes হয়ে গেলে তা পূর্বের অবস্থায় আনার জন্য পুনরায় Correction list এ ক্লিক করুন। Choose one Type মেনু থেকে Temporary list-এ ক্লিক করলে তালিকা দেখাবে এবং এখানে ভুলবশত Yes করা শিক্ষার্থীকে Del করে দিতে হবে। Temporary list ভালমত যাচাই করে Reg. Correction Confirm এ ক্লিক করার পর সোনালী সেবা তৈরী করতে হবে। সোনালী সেবা তৈরী করে Payment complete হলে Final list পাওয়া যাবে এবং প্রিন্ট করতে পারবে। এভাবে একাধিক শিক্ষার্থীর তথ্য সংশোধন করা যাবে। উল্লেখ, Confirm-এ ক্লিক করলে, Payment complete না হওয়া পর্যন্ত কোন অবস্থায় নতুনভাবে Yes/সংশোধন করা যাবে না। সোনালী সেবা তৈরী ও প্রিন্ট করে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখা হতে ফি প্রদান করুন। এভাবে একাধিকবার ফি প্রদান পূর্বক রেজিস্ট্রেশন কার্ড নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধন করা যাবে। সাত দিনের মধ্যে Payment Complete না হলে সোনালী সেবা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। পরবর্তীতে নতুনভাবে সংশোধন করে সোনালী সেবা তৈরী করতে হবে।

**(খ) ছবি ও বিশেষ চাহিদা সম্পন্নঃ** কোন শিক্ষার্থীর ছবি সংশোধন/পরিবর্তন করতে চাইলে, সরাসরি উক্ত শিক্ষার্থীর ছবি ও রেজিস্ট্রেশন কার্ডের কপিসহ সোনালী সেবার মাধ্যমে নির্দিষ্ট ফি প্রদান পূর্বক রাজশাহী শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

**বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর** বয়স সংশোধন অনলাইনে করা সম্ভব না হলে, সেক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর থেকে তার প্রাপ্ত কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের কপিসহ রাজশাহী শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

**(গ) বাদ পড়া শিক্ষার্থীর তথ্যঃ** অনলাইনে এন্ট্রি করে Send করা যাবে এবং সোনালী সেবাসহ এর কপি বোর্ডের নিবন্ধন শাখায় জমাদিতে হবে।

স্বাঃ/-
সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্বাঃ/-
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী